



## বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশ (বাংলাদেশ কওমী মাদরাসা শিক্ষা বোর্ড)

কাজলা (ভাঙ্গাপ্রেস), দনিয়া, যাত্রাবাড়ী, ঢাকা-১২৩৬

তারিখ: ১৫/১০/২০২০ঈ:

### জরুরি ঘোষণা

বরাবর, মুহতামিম সাহেব  
মাদরাসা :

আসসালামু আলাইকুম ওয়া রহমাতুল্লাহ

জনাব,

তাসলীম বা'দ আশা করি ভাল আছেন। আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আসন্ন ৪৪ তম কেন্দ্রীয় পরীক্ষার কার্যক্রম সুষ্ঠু ভাবে সম্পন্ন হওয়ার নিমিত্তে নিম্ন বর্ণিত সিদ্ধান্তাবলী গৃহিত হয়েছে।

- ১। আল হাইয়াতুল 'উলয়া -এর অধীনে তাকমীল মারহালার ১৪৪২ হিজরীর কেন্দ্রীয় পরীক্ষার নিবন্ধনের জন্য অবশ্যই বিগত ১৪৪১ হিজরী সনের ফযীলাত মারহালার প্রবেশপত্রের ফটোকপি নিবন্ধন ফরমের সাথে সংযুক্ত করে বেফাক বোর্ডে জমা দিতে হবে।
- ২। বেফাকের কেন্দ্রীয় পরীক্ষার প্রতিটি মারকাযে পরীক্ষা চলাকালিন সময়ে দিবা-রাত নেগরানে আ'লার সার্বক্ষণিক অবস্থান বাধ্যতামূলক। আগত ৪৪তম কেন্দ্রীয় পরীক্ষায় যিনি নেগরানে আ'লা হিসাবে নির্বাচিত হবেন অবশ্যই পরীক্ষার পুরো সময় তাঁকে কেন্দ্রে অবস্থান করতে হবে। কোন কারণবশত: তিনি কিছু সময় কেন্দ্র থেকে বের হওয়ার প্রয়োজন হলে তাঁর আস্থাজনক সহকারী নেগরান হতে একজনকে তাঁর স্থলাভিষিক্ত করতে হবে। কোন মারকাযে নেগরানে আ'লা রাত্রে অবস্থান না করলে মারকায কর্তৃপক্ষ পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগকে অবশ্যই তা অবহিত করতে হবে।
- ৩। পরীক্ষার হলে প্রশ্নপত্রের প্যাকেট খোলার সময় মারকায কমিটির সদস্যদের উপস্থিতি জরুরি এবং মারকায মাদরাসার মুহতামিম পরীক্ষা চলাকালিন সময় মাদরাসায় উপস্থিত থাকাও জরুরি।
- ৪। পরীক্ষা চলাকালিন সময়ে পরীক্ষার কোন হলে নকলের প্রবণতা পরিলক্ষিত হলে অথবা কোন মারকায নেগরান আ'লার নিয়ন্ত্রণে না থাকলে সাথে সাথে পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগকে অবহিত করতে হবে।
- ৫। মারকায মাদরাসার নিবন্ধন ফরম জমা দেয়ার সাথে মারকায কমিটির তালিকা জমা দিতে হবে।
- ৬। ইবতিদাইয়্যাহ মারহালার নাযিরা কিরাআতের পরীক্ষা নেগরানে আ'লা ও সহকারী নেগরান এই দুই জন মিলে গ্রহণ করবে।
- ৭। যে সব মারকাযে ৪৩তম পরীক্ষায় পরীক্ষার্থী কোটা পূরণ হয়নি ঐ মারকাযগুলো স্থগিত করা হয়েছে। নতুন পরীক্ষার্থীর সংখ্যার নির্ধারিত কোটা এবং শর্ত পূরণ হলে পরীক্ষা নিয়ন্ত্রকের সাথে সরাসরি যোগাযোগ করে আগামী ৩০/৩/৪২হি: এর মধ্যে লিখিত আবেদন করা হলে মারকায বহাল রাখা যাবে। নচেৎ স্থগিতই থেকে যাবে।
- ৮। বিগত ১৮/০৯/২০১৯ ইং তারিখে মজলিসে আমেলার সভার সিদ্ধান্ত অনুসারে আসন্ন ৪৪তম পরীক্ষার ফযীলাত মারহালার প্রশ্নপত্র মারকাযে অন-লাইনের মাধ্যমে প্রেরণ করা হবে। অতএব সকল মারকায মাদরাসা হতে দু'টি হোয়াটসঅ্যাপ নম্বর নিবন্ধনের সাথে পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগে জমা দিতে হবে।
- ৯। বেফাকের পরীক্ষার খাতা দেখার পূর্ব পদ্ধতি রহিত করে আসন্ন ৪৪তম কেন্দ্রীয় পরীক্ষায় সকল মুমতাহিনগণকে বেফাক কর্তৃক মনোনীত আঞ্চলিক খাতা দেখার কেন্দ্রে আহ্বান করে ১০ দিন ব্যাপী খাতা দেখার কর্মশালা অনুষ্ঠিত হবে। সুতরাং আপনার মাদরাসার পুরুষ শিক্ষকগণকে মুমতাহিন হিসাবে তালিকাভুক্ত করার পূর্বে ১৫ শা'বান হতে ২৪ শা'বান পর্যন্ত ১০ দিনের জন্য নির্ধারিত কেন্দ্রে উপস্থিত হয়ে খাতা দেখার সম্মতি গ্রহণ করবেন। শিক্ষিকাদের আবেদন করার প্রয়োজন নেই।

(অধ্যাপক মাওলানা যোবায়ের আহমদ চৌধুরী)

মহাপরিচালক

বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশ